# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 06 May, 2025

রাষ্ট্রদ্রোহ মামলায় কারাগারে থাকা সনাতনী জাগরণ জোটের মুখপত্র চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে আরও ৪টি মামলায় গ্রেপ্তার (শ্যোন অ্যারেস্ট) দেখানোর আদেশ দিয়েছেন আদালত।এ নিয়ে চট্টগ্রামের আইনজীবী সাইফুল ইসলাম আলিফ হত্যাসহ মোট ৫ মামলায় বর্তমানে কারাবন্দি চিন্ময়কে গ্রেপ্তার দেখানো হলো।

মঙ্গলবার (৬ মে) সকালে চট্টগ্রামের ষষ্ঠ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এস এম আলাউদ্দিনের আদালতে চারটি মামলায় তাকে গ্রেপ্তার দেখানোর জন্য তদন্তকারী কর্মকর্তার আবেদনের ওপর শুনানি হয়।শুনানি শেষে আদালত আবেদনগুলো মঞ্জুর করেন।

চট্টগ্রাম মহানগর আদালতের সহকারী পাবলিক প্রসিকিউটর রায়হানুল ওয়াজেদ চৌধুরী বিষয়টি নিশ্চিত করেছেন।তিনি জানিয়েছেন, শুনানির সময় কারাগার থেকে আসামি চিন্ময় দাসকে ভার্চুয়ালি সংযুক্ত করা হয়।

নগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার (প্রসিকিউশন) মফিজ উদ্দিন বলেন, কারাগারে থাকা চিন্ময় দাসকে কোতোয়ালি থানার পুলিশের কাজে বাধা দেওয়া, আইনজীবী-বিচারপ্রার্থীদের ওপর হামলা-ভাঙচুরের অভিযোগ ও বিস্ফোরক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে করা চারটি মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তারা।আদালত শুনানি শেষে চিন্ময় দাসকে গ্রেপ্তার দেখানোর আদেশ দেন।

এর আগে আইনজীবী আলিফ হত্যা মামলায় ইসকনের সাবেক নেতা চিন্ময় কৃষ্ণ দাসকে গ্রেপ্তার দেখানোর নির্দেশ দিয়েছেন আদালত। সোমবার (৫ মে) চট্টগ্রামের ষষ্ঠ মহানগর হাকিম এস এম আলাউদ্দিন এ আদেশ দেন।শুনানিতে চিন্ময় দাস ভার্চুয়ালি উপস্থিত ছিলেন।

গত বছরের ২৬ নভেম্বর সনাতনী জাগরণ জোটের মুখপত্র চিন্ময় দাসের জামিনকে কেন্দ্র করে সংঘর্ষের মধ্যে আইনজীবী সাইফুলকে পিটিয়ে ও কুপিয়ে হত্যা করা হয়।এ হত্যার ঘটনায় তাঁর বাবা জামাল উদ্দিন বাদী হয়ে ৩১ জনের নাম উল্লেখ করে হত্যা মামলা করেন।এ ছাড়া পুলিশের ওপর হামলা, কাজে বাধা এবং আইনজীবী ও বিচারপ্রার্থীদের ওপর হামলা ও ককটেল বিস্ফোরণের ঘটনায় আরও পাঁচটি মামলা হয়।ছয়টি মামলায় গ্রেপ্তার হন ৫১ জন।তাঁদের মধ্যে হত্যায় জড়িত অভিযোগে ২১ জন গ্রেপ্তার রয়েছেন।

গত বছরের ৩১ অক্টোবর চট্টগ্রাম নগরীর চান্দগাঁও মোহরা ওয়ার্ড বিএনপির তৎকালীন সাধারণ সম্পাদক ফিরোজ খান বাদী হয়ে কোতোয়ালি থানায় চিন্ময় দাসসহ ১৯ জনের বিরুদ্ধে জাতীয় পতাকা অবমাননায় রাষ্ট্রদ্রোহের অভিযোগে ওই মামলা করেন।পরে ফিরোজ খানকে বিএনপি থেকে অব্যাহতি দেওয়া হয়।এ মামলায় চিন্ময় দাসকে ২৫ নভেম্বর ঢাকা থেকে গ্রেপ্তার করা হয়।বর্তমানে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে রয়েছেন তিনি।

চট্টগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:18

URL: https://www.timestodaybd.com/public/chittagong/497362022